

স্মারক নং আসকক-২০২৩/..

তারিখ : ২৬/০৭/২০২৩ খ্রি.

২০২১ সালের ডিগ্রী (পাস) ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১ সালের ডিগ্রী পাস ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের ফরম পূরণের নির্ধারিত তারিখ নিম্নরূপ:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে ফরম সংগ্রহের তারিখ : ২৪/০৮/২০২৩ পর্যন্ত

ফরম জমা দেওয়ার তারিখ : ২১/০৮/২০২৩ খ্রি.।

নির্দিষ্ট তারিখের পর আর কোন আবেদন ফরম পূরণ করা যাবে না। কলেজের যাবতীয় পাওনা পরিশোধ সাপেক্ষে পরীক্ষার আবেদন ফরম পূরণের সময় দেয় টাকার পরিমাণ :

ক্রমিক নং	কোর্সের নাম	কলেজের ব্যাংক কাউন্টারে টাকা জমা দেওয়া ও পূরণকৃত ফরম জমাদানের তারিখ	নিয়মিত	অনিয়মিত (বিগত বছরে যারা ফরম পূরণ করেনি)	অনিয়মিত ও মানউন্নয়ন (বিগত বছরে যারা ফরম পূরণ করেছে)
১	ডিগ্রী পাস কোর্স ৩য় বর্ষ	২১/০৮/২০২৩	৪৫৬০/-	ফরমে উল্লিখিত টাকা + ২৮৬০/-	ফরমে উল্লিখিত টাকা + ৫০৫/-

*উল্লেখ্য অনলাইন ফরম এ উল্লিখিত ফি সহ কলেজ কর্তৃক নির্ধারিত অন্যান্য ফিসাদি কলেজ ব্যাংক কাউন্টারে রসিদ বই এর মাধ্যমে জমা দিতে হবে। অনলাইন আবেদন ফরম (ছবিসহ), রেজিঃ কার্ড ও রসিদ বহির ফটোকপি সংযুক্ত করে কলেজ অফিসে জমা দিতে হবে। মান উন্নয়নের ক্ষেত্রে ফলাফলের কপি সংযুক্ত করতে হবে।

পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলীঃ

এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৩-২০১৪ এবং ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের যে সব শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে নাই তারা সর্বসাকুল্যে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে বিশেষ বিবেচনায় শুধুমাত্র ২০২১ সালের ৩য় বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তবে শর্ত থাকবে যে, পরীক্ষায় ফরম পূরণ না করলে, ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না। একই সাথে ১ম ও ২য় বর্ষের সকল কোর্সে উত্তীর্ণ কিন্তু ৩য় বর্ষে অংশগ্রহণ করে নাই ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের এ ধরনের শিক্ষার্থী সর্বসাকুল্যে ৬০০০/- (ছয় হাজার) টাকা ফি প্রদান করে উল্লিখিত শর্তে শুধুমাত্র ২০২১ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশ নিতে পারবে। উভয় ক্ষেত্রেই রেজিস্ট্রেশন নবায়নের প্রয়োজন নাই এবং উত্তীর্ণ হলে মানোন্নয়ন অংশগ্রহণের সুযোগ পাবে না।

(প্রতি বর্ষে ভর্তির সময় ২০০/- টাকা হারে ইন-কোর্স (নিয়মিত/প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স) ফি সংশ্লিষ্ট কলেজ গ্রহণ করে ইন-কোর্স পরীক্ষা সম্পন্ন করবে)

পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

ক) ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (নিয়মিত) :

- ২০১৮-১৯ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০১৯ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২০ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ (Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে "ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- এ সকল শিক্ষার্থীদেরকে ব্যবহারিক সম্বলিত বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

খ) ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (অনিয়মিত) :

- ২০১৩-১৪, ২০১৪-১৫, ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ ও ২০১৭-১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪, ২০১৫, ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৫, ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে কিন্তু ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে "ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ২০১৩-১৪, ২০১৪-১৫, ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ ও ২০১৭-১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪, ২০১৫, ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের ছুড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে কোন কোর্সে/পত্রে F গ্রেড পেয়েছে তারা F গ্রেড প্রাপ্ত কোর্সে/পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- ২০১৭-১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৮ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২০ সালের ৩য় বর্ষের ছুড়ান্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা শেষ বারের মতো ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হলে একজন শিক্ষার্থী শুধুমাত্র একবার পরবর্তী শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের সাথে উক্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম D গ্রেড পেতে হবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নেই।

ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (মানোন্নয়ন) :

- ২০২০ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের ছুড়ান্ত পরীক্ষার ফলাফল প্রকাশের পর CGPA 2.25 বা এর কম প্রাপ্ত শিক্ষার্থীরা পূর্বে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করে নাই ৩য় বর্ষের এমন সর্বোচ্চ দু'টি কোর্সে মানোন্নয়ন (C এবং D গ্রেড প্রাপ্ত) পরীক্ষা দিতে পারবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নাই।

সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (২০০ নম্বর) :

ক) ২০১৪, ২০১৫, ২০১৬, ২০১৭, ২০১৮ ও ২০১৯ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের নির্ধারিত ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

প্রফেসর কান্তক চন্দ্র মন্ডল (৬৬৯৬৪)
অধ্যক্ষ
আয়ম খান সরকারি কমান্স কলেজ
খুলনা।